



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৪৭

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী আগামীকাল রাজশাহী আসছেন

রাজশাহী; ২৯ ভাদ্র (১৩ সেপ্টেম্বর):

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক, এমপি আগামীকাল বুধবার (১৪ সেপ্টেম্বর) দুই দিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। তিনি বিমানযোগে বিকাল সাড়ে পাঁচটায় রাজশাহী এসে পৌঁছবেন।

সফরসূচি অনুযায়ী মন্ত্রী এদিন সন্ধ্যা সাড়ে ছয়টায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের সম্মেলন কক্ষে রাজশাহীর স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সাথে মতবিনিময় ও নৈশভোজে অংশগ্রহণ করবেন।

বৃহস্পতিবার (১৫ সেপ্টেম্বর) মন্ত্রী সকাল দশটায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের সেবা কার্যক্রম ও অন্যান্য স্থাপনা পরিদর্শন করবেন। তিনি বিকাল দুইটায় সার্কিট হাউসে রাজশাহী বিভাগের সকল ইউএইচএফপিও, সিভিল সার্জন, তত্ত্বাবধায়ক ও পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাদের সাথে চিকিৎসাসেবার মানোন্নয়ন বিষয়ে মতবিনিময় সভায় উপস্থিত থাকবেন।

এদিন সন্ধ্যায় মন্ত্রী বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।##

.....  
তৌহিদ/তাজকিয়া/সিকান্দার/রুহুল/রোকন/হালিম/২০২২/১৩.২০ঘ.